আয়ারল্যান্ড

An Roinn Dlí agus Cirt,
Gnóthaí Baile agus Imirce
Department of Justice,
Home Affairs and Migration

euaa
EUROPEAN UNION
AGENCY FOR ASYLUM

# ইউরোড্যাক সম্পর্কে তোমার যা জানা দরকার



BENGALI

## –

তুমি এই পুস্তিকাটি পাচ্ছ কারণ তোমার বায়োমেট্রিক ডেটা কর্তৃপক্ষকে নিতে হবে



বায়োমেট্রিক ডেটা মানে আঙ্গুলের ছাপ এবং তোমার ছবি।



এই ডেটা, তোমার পরিচয় এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্য সহ, ইউরোড্যাক ডাটাবেসে প্রেরণ করা হবে।

এই পদ্ধতি চলাকালীন তোমার অধিকার এবং তোমার কাছ থেকে কী আশা করা হয় তা এই পুস্তিকায় ব্যাখ্যা করা হয়েছে।

## –

ইউরোড্যাক হল একটি ইউরোপীয় ডাটাবেস যা EU+ দেশগুলিতে প্রবেশকারী নির্দিষ্ট শ্রেণীর ব্যক্তির তথ্য সঞ্চয় করে এবং তুলনা করে। এইসব বিষয় এই পুস্তিকায় ব্যাখ্যা করা হয়েছে।

এই ডাটাবেসটি 31টি EU+ দেশ ব্যবহার করা করে যারা তোমার তথ্য প্রক্রিয়াকরণ করতে পারে এবং তোমার তথ্য পুনরুদ্ধার করতে পারে। তুমি যদি অনুমতি ছাড়াই অন্য EU+ দেশে চলে যাও এবং তোমার তথ্য আবার সংগ্রহ করা হয়, তাহলে ইউরোড্যাক-এ সংরক্ষিত তোমার সমস্ত তথ্য সেই দেশের কর্তৃপক্ষ দেখতে পাবে। কিছু ক্ষেত্রে, তোমার তথ্য নতুন যোগ করা তথ্য সহ সাম্প্রতিকীকরণ করা হবে।

## EU+ –

**তুমি এখন আয়ারল্যান্ড-এ আছো যা একটি EU+ দেশ।**
**EU+ দেশগুলি হল:**

ইউরোপীয় ইউনিয়ন (EU) এর 27 সদস্য রাষ্ট্র: অস্ট্রিয়া, আয়ারল্যান্ড, ইতালি, এস্তোনিয়া, ক্রোয়েশিয়া, গ্রিস, চেকিয়া, জার্মানি, ডেনমার্ক, নেদারল্যান্ডস, পর্তুগাল, পোল্যান্ড, ফিনল্যান্ড, ফ্রান্স, বেলজিয়াম, বুলগেরিয়া, মাল্টা, রোমানিয়া, লাতভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, সাইপ্রাস, সুইডেন, স্পেন, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, হাঙ্গেরি এবং

অন্য 4টি দেশ: আইসল্যান্ড, নরওয়ে, লিশটেনস্টাইন এবং সুইজারল্যান্ড।

## –

ইউরোড্যাকের পাঁচটি প্রধান লক্ষ্য রয়েছে:

- কোন দেশ আন্তর্জাতিক সুরক্ষার জন্য একটি আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত তা নির্ধারণ করতে EU+ দেশগুলিকে সাহায্য করা
- EU+ দেশগুলিতে নিয়মিত এবং অনিয়মিত অভিবাসন নিরীক্ষণে সহায়তা করা
- জাতীয় কর্তৃপক্ষের মধ্যে তথ্য আদান-প্রদান করা এবং অপরাধ ও সন্ত্রাস প্রতিরোধ করা
- ইউরোপে আগত শিশুদের খুঁজে বের করা যায় এবং সুরক্ষিত করা যায় তা নিশ্চিত করা
- ভিসার মতো বিষয়গুলির তথ্য সম্বলিত অন্যান্য ইউরোপীয় ডাটাবেসগুলি সঠিকভাবে কাজ করছে কিনা তা নিশ্চিত করা।



## –

ইউরোড্যাকে এমন ব্যক্তিদের তথ্য থাকে যারা কোনো EU+ দেশের নাগরিক নন আর যারা:

- আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করেন
- অনুমতি ছাড়াই কোনো একটি EU+ দেশের সীমান্ত অতিক্রম করেন
- সমুদ্রে উদ্ধারের পর কোনো একটি EU+ দেশে যাদের নামানো হয়েছে
- কোনো একটি EU+ দেশে অবৈধভাবে বসবাস করেন
- কোনো একটি EU পুনর্বাসন বা মানবিক কারণে প্রবেশের অনুমোদন পাওয়া বা জাতীয় পুনর্বাসন কার্যক্রমের মাধ্যমে একটি EU+ দেশে পৌঁছান
- যাদের সাময়িক সুরক্ষা দেওয়া হয়েছে।

EU+ দেশের জাতীয় আশ্রয় কর্তৃপক্ষ তোমার বায়োমেট্রিক তথ্য নেবে এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্যের সাথে সেটি ইউরোড্যাকে প্রেরণ করবে এবং সেটির পরীক্ষার ফলাফল গ্রহণ করবে।

EU এজেন্সি ফর ল এনফোর্সমেন্ট কোঅপারেশন এবং জাতীয় পুলিশ গুরুতর অপরাধ এবং সন্ত্রাস প্রতিরোধ, শনাক্তকরণ এবং তদন্তের উদ্দেশ্যে ইউরোড্যাক ব্যবহার করার জন্য অনুরোধ করতে পারে। তারা ইউরোড্যাকে তোমার তথ্য অনুসন্ধান করতে পারে।

**গুরুত্বপূর্ণ!** তোমার দেশের কর্তৃপক্ষ এই তথ্য ব্যবহার করতে সক্ষম হবে না।



আইনত তুমি নিজে বায়োমেট্রিক ডেটা প্রদান করতে বাধ্য।

তোমার আঙুলের ছাপ কেন প্রয়োজন তার কিছু গুরুত্বপূর্ণ কারণ রয়েছে। তুমি যদি আশ্রয়ের জন্য আবেদন করে থাকো, তাহলে এটি সেই প্রক্রিয়ার জন্য একটি প্রয়োজনীয় পদক্ষেপ।

আঙুলের ছাপের তথ্য EU+ দেশগুলিতে উপস্থিত পরিবারের সদস্যদের খুঁজে পেতেও সাহায্য করতে পারে।

তোমার আঙ্গুলের ডগা ক্ষতিগ্রস্ত হলে, ভবিষ্যতে আবার আঙ্গুলের ছাপ নেওয়া হবে।

তুমি যদি ইচ্ছাকৃতভাবে তোমার আঙ্গুলের ছাপের ক্ষতি করো, তাহলে নেতিবাচক পরিণতি হবে।

উদাহরণস্বরূপ, তুমি যদি আশ্রয়ের জন্য আবেদন করে থাকো, তাহলে প্রক্রিয়াটি বন্ধ হয়ে যেতে পারে।

যদি তোমার ক্ষেত্রে প্রক্রিয়াটি বন্ধ করা হয়, তাহলে এর অর্থ হল তুমি আর একজন আবেদনকারী (আশ্রয়প্রার্থী) হিসাবে বিবেচিত হবেন না। তুমি এখন এবং ভবিষ্যতে সেই স্থিতির সাথে সংযুক্ত সমস্ত অধিকার হারাবে।

EU+ দেশগুলির কর্তৃপক্ষ তোমার বায়োমেট্রিক ডেটা পাওয়ার জন্য শেষ অবলম্বন হিসাবে বলপ্রয়োগ  করতে পারে। তোমার পরিচয় নির্ধারণ বা যাচাই করার জন্য শেষ উপায় হিসাবে তারা তোমাকে আটকে রাখতে পারে।

তুমি যদি এই দেশের কর্তৃপক্ষকে তোমার আঙ্গুলের ছাপের তথ্য প্রদান করতে অস্বীকার করো, তাহলে নির্দিষ্ট পরিণতি হবে।

এই দেশের কর্তৃপক্ষকে আপনার আঙুলের ছাপের তথ্য প্রদানে অস্বীকৃতি জানালে, আন্তর্জাতিক সুরক্ষা দপ্তর আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনটি পরোক্ষভাবে প্রত্যাহার করে নিতে পারে।

–

প্রতিটি EU+ দেশের একটি কর্তৃপক্ষ রয়েছে যারা এই তথ্য ব্যবহার করা নিয়ন্ত্রণ করে। তোমার কাছে ডেটা কন্ট্রোলার এবং ডেটা সুরক্ষা অফিসারের সাথে যোগাযোগ করার এবং ইউরোড্যাকে সংরক্ষিত তোমার তথ্য দেখতে দিতে বলার অধিকার রয়েছে।

তোমার তথ্য সংশোধন করার জন্য অনুরোধ করতে পারো যদি তোমার মনে হয়:

- সেটি ভুল এবং সংশোধন করা দরকার
- অসম্পূর্ণ এবং সাম্প্রতিকীকরণ করা দরকার যদি তোমার মনে হয়:

তোমার তথ্য আমাদের মুছে ফেলার অনুরোধ করতে পারো যদি তোমার মনে হয়:

- বেআইনিভাবে ইউরোড্যাকে দেওয়া হয়েছে ।

তুমি **'অন্যান্য দরকারী তথ্য** ' শিরোনামে এই পুস্তিকার  শেষ পৃষ্ঠায় ডেটা কন্ট্রোলার এবং ডেটা সুরক্ষা অফিসারের সাথে যোগাযোগের বিশদ বিবরণ পাবে।

তুমি যদি তোমার তথ্য ব্যবহারের বিষয়ে একটি আনুষ্ঠানিক অভিযোগ করতে চাও, তুমি জাতীয় তত্বাবধায়ক কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে পারো।

তুমি এই পুস্তিকার  শেষ পৃষ্ঠায় জাতীয় তত্বাবধায়ক কর্তৃপক্ষের সাথে যোগাযোগের বিশদ বিবরণ পাবে ।

# অন্যান্য দরকারী তথ্য

নীচে তুমি এই দেশের ডেটা কন্ট্রোলার এবং ডেটা সুরক্ষা অফিসারের দপ্তরে কীভাবে যোগাযোগ করবে সে সম্পর্কে তথ্য পেতে পারো।

ডেটা কন্ট্রোলার তোমাকে জানাতে পারে যে তোমার কোন ব্যক্তিগত তথ্য ইউরোড্যাকে সংরক্ষণ করা হয়েছে। তোমার ব্যক্তিগত তথ্য সঠিকভাবে সংরক্ষণ করা না হলে, তুমি সেই তথ্য সংশোধন করার জন্য অনুরোধ করতে পারো।

তুমি যদি মনে করো যে তোমার কোনো তথ্য বেআইনিভাবে ব্যবহার করা হয়েছে তাহলে নিচের যোগাযোগের তথ্য ব্যবহার করে সেই তথ্য মুছে ফেলার অনুরোধ করতে পারো।

ডেটা কন্ট্রোলারের যোগাযোগের ঠিকানা হলো: ইন্টারন্যাশনাল প্রোটেকশন অফিস, ইমিগ্রেশন সার্ভিস ডেলিভারি, ৭৯-৮৩ লোয়ার মাউন্ট স্ট্রিট, ডাবলিন ২, D02 ND99 অথবা info@ipo.gov.ie

এই দেশে, তোমার ব্যক্তিগত তথ্য ব্যবহার করার বিষয়ে তোমার নিম্নলিখিত নির্দিষ্ট অধিকার রয়েছে।

আপনার ডেটা সুরক্ষা অধিকার সম্পর্কিত বিস্তারিত তথ্য বিচার, স্বরাষ্ট্র ও অভিবাসন বিভাগের ডেটা সুরক্ষা নীতিতে পাওয়া যাবে, যা https://assets.gov.ie/static/documents/department-of-justice-data-protection-policy.pdf

এই ঠিকানায় উপলব্ধ। আপনি বিচার, স্বরাষ্ট্র ও অভিবাসন বিভাগের ডেটা সুরক্ষা কর্মকর্তার সাথে dataprotectioncompliance@justice.ie

এই ইমেল ঠিকানায় যোগাযোগ করতে পারেন।

তুমি এই দেশের জাতীয় তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে নীচের তথ্য ব্যবহার করতে পারো।

তুমি যদি মনে করো যে তোমার ব্যক্তিগত তথ্য বেআইনিভাবে ব্যবহার করা হয়েছে তবে তুমি জাতীয় তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের কাছে একটি আনুষ্ঠানিক অভিযোগ দায়ের করতে পারো।

ডেটা প্রোটেকশন কমিশনের যোগাযোগের ঠিকানা হলো: 6 Pembroke Row, Dublin 2, D02 X963 অথবা আপনি https://forms.dataprotection.ie/contact

এই ঠিকানায় অনলাইনে তাদের সাথে যোগাযোগ করতে পারেন।

euaa
EUROPEAN UNION
AGENCY FOR ASYLUM

An Roinn Dlí agus Cirt,
Gnóthaí Baile agus Imirce
Department of Justice,
Home Affairs and Migration

এই পুস্তিকাটি শুধু তথ্য প্রদানের জন্য। এটি কোনো অধিকার বা বাধ্যবাধকতা প্রদান করে না। ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) এটির উপাদানের মূল অংশ প্রদান করেছে, এবং এই পুস্তিকাটির পুনরুৎপাদন এবং পরিবর্তন শুধুমাত্র EU সদস্য রাষ্ট্রগুলির জন্য EUAA দ্বারা অনুমোদিত। EUAA EU সদস্য রাষ্ট্র বা অন্য কোনো দায়িত্বশীল তৃতীয় পক্ষের দ্বারা এই পুস্তিকায় অন্তর্ভুক্ত তথ্যের যথার্থতা, বিষয়বস্তু, সম্পূর্ণতা, বৈধতা বা নির্ভরযোগ্যতার জন্য কোন দায় বা দায়িত্ব স্বীকার করে না। এই পুস্তিকায় প্রাপ্ত তথ্য ব্যবহারের জন্য EUAA বা EUAA-এর পক্ষে কর্মরত কোনও ব্যক্তি দায়ী নন।

© ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025